

# النُّور

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম 'আসমাউল হুসনার' ৯৩ তম নাম 'النُّور' আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় 'النُّور' শব্দের মূল ن - و - ر, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ১৯৪ বার এসেছে। আলো, আলোকিত করা, পরিষ্কার দেখা, উদঘাটন করা, প্রকাশ করা, নির্মলতা, আশু, উপদেশ দেয়া ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ নُّور অর্থ: ' তিনি আলো'।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

اللَّهُ نُورُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ ﴿٣٥﴾

আল্লাহ মহাকাশ ও পৃথিবীর নূর। (সূরা আন নূর: আয়াত নং ৩৫)

يَهْدِي اللَّهُ لِنُورِهِ مَن يَشَاءُ ﴿٣٥﴾

আল্লাহ যাকে ইচ্ছা পথ দেখান তাঁর নূরের দিকে। (সূরা আন নূর: আয়াত নং ৩৫)

يَوْمَ لَا يُخْزِي اللَّهُ النَّبِيَّ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ نُورُهُمْ يَسْعَىٰ بَيْنَ أَيْدِيهِمْ وَبِأَيْمَانِهِمْ يَقُولُونَ رَبَّنَا أَتْمِمْ لَنَا نُورَنَا وَآغْفِرْ لَنَا إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٨﴾

সেদিন আল্লাহ অপমানিত করবেন না তাঁর নবীকে এবং তাঁর সাথে যারা ঈমান এনেছে তাদেরকে। তাদের নূর দৌড়াবে তাদের সামনে দিয়ে এবং ডানে দিয়ে। তারা বলবে, আমাদের প্রভু, আমাদের জন্য পূর্ণ করে দাও (জান্নাতে পৌঁছা পর্যন্ত) আমাদের নূর এবং ক্ষমা করে দাও আমাদের। নিশ্চয়ই তুমি প্রতিটি বিষয়ে সর্বশক্তিমান। (সূরা আত তাহরিম: আয়াত নং ৮)

বুখারী শরীফের হাদীস:

রাসূলের দোয়া: হে আল্লাহ, আমার বক্ষে নূর সঞ্চার করো, আমার জিহ্বায়, তোমার কানে, আমার চোখে, আমার উপরে, আমার নিচে, আমার ডানে, আমার বামে, আমার সামনে, আমার পিছনে নূর দান করো। আমার অন্তরে নূর দান করো। আমার জন্য নূর বর্ধিত করো এবং প্রশস্ত করো। হে আল্লাহ আমাকে নূর দান করো। আমার রগ শিরায় নূর ঢেলে দাও। আমার শরীরে, আমার রক্তে, আমার চুলে এবং আমার চামড়ায় নূর প্রদান করো।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা আল্লাহ ও তাঁর রাসূলের প্রদর্শিত কোরআন ও সহীহ হাদীসের আলোকে আমাদের জীবনকে পরিচালিত করি। আর দোয়া করি, হে আল্লাহ, তুমি মহাকাশ ও পৃথিবীর নূর, আমাদেরকে তোমার নূরের দিকে হেদায়াত দান করো।

আরো প্রার্থনা করি হে আল্লাহ, শিরকমুক্ত ভাবে তোমার সন্তুষ্টি লাভের তৌফিক আমাদেরকে দান করো।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবারাকাতুহা।